



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্টি/পিআর/০৩/

তারিখ: ৩ জুলাই, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩ জুলাই, ২০১৮ তারিখ ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ২০১৩-১৪-এর মোড়ক উন্মোচন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটির সদস্যদের ধন্যবাদ জানিয়ে ভাইস চ্যান্সেলর বলেন, বার্ষিক প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ের পুরো চিত্রকে প্রতিফলিত করে। তাই সুন্দর ও যথাযথভাবে এ প্রতিবেদন প্রকাশের গুরুত্ব রয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকেও নিয়মিত প্রতিবেদন প্রকাশের নির্দেশনা রয়েছে। এখন থেকে একাডেমিক কার্যক্রম প্রকাশের পাশাপাশি বিভাগগুলোর সাংস্কৃতিক কর্মকাণ্ডও বার্ষিক প্রতিবেদনে তুলে ধরতে হবে।

ভাইস চ্যান্সেলর পরবর্তীতে তথ্যসমৃদ্ধ প্রতিবেদন প্রকাশনার ক্ষেত্রে বিভাগগুলোর আন্তরিক সহযোগিতা কামনা করেন।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটির সভাপতি প্রফেসর ড. হিমাদ্রী শেখর রায় ও সদস্য সচিব রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান এবং প্রকাশনা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মুহাম্মদ ইশফাকুল হোসেন

রেজিস্ট্রার